তারিখ ২৫ JUL 2016
পৃষ্ঠা ৭ কলাম ৪

দৈনিক
ইত্তেফাক

# স্কুল-কলেজ জাতীয়করণের দাবিতে আন্দোলন অব্যাহত

■ ইত্তেফাক ডেস্ক

বিভিন্ন স্থানে কলেজ ও স্কুল জাতীয়করণের দাবিতে শিক্ষক, শিক্ষার্থী ও স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ আলোচনা সভা; মানববন্ধনসহ বিভিন্ন কর্মসূচি পালন করেন। ইত্তেফাক প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর।

## বাঁশখালী ডিগ্রি কলেজ জাতীয়করণের দাবিতে মানববন্ধন

চট্টগ্রামের বাঁশখালী ডিগ্রি কলেজ জাতীয়করণের দাবিতে গুনাগরী চৌমুহনী চত্বরে কলেজ ছাত্র-ছাত্রী ও এলাকাবাসীর উপস্থিতিতে বিশাল মানববন্ধন ও পথসভা অনুষ্ঠিত হয়। বাঁশখালী থানা যুবলীগ নেতা বাদল ছোবহানের সভাপতিত্বে পথসভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের প্রচার সম্পাদক সরোয়ার কামাল। এ সময় উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন অর্থ ও পানি সম্পদ মন্ত্রণালয়ের সংসদীয় স্থায়ী কমিটির সদস্য সংসদ সদস্য মোস্তাফিজুর রহমান চৌধুরী।

## উজিরপুরে বিএন খান ডিগ্রি কলেজ সরকারিকরণের দাবিতে সড়ক অবরোধ

বরিশালের উজিরপুর আলহাজ বিএন খান ডিগ্রি কলেজ সরকারিকরণ না করায় গত আট দিন ধরে ছাত্র-ছাত্রীদের বিক্ষোভ মিছিল ও সড়ক অবরোধ কর্মসূচি পালন করছে। সরকারিকরণের দাবিতে কলেজের সকল ছাত্র, শিক্ষক গতকাল রবিবার বেলা ১১টা থেকে বিক্ষোভ মিছিল, সড়ক অবরোধ ও পথসভার কর্মসূচি পালন করে। বিক্ষোভ মিছিলটি কলেজ চত্বর থেকে শুরু করে ডাকবাংলো চত্বরে উজিরপুর বাসস্ট্যান্ডে (চৌরাস্তা) ২০ মিনিট সড়ক অবরোধ কর্মসূচি পালন করে। উপজেলা আওয়ামী লীগের সভাপতি এসএম জামাল হোসেনের সভাপতিত্বে একপথ সভায় বক্তব্য রাখেন অধ্যাপক শঙ্কর মজুমদার, অধ্যাপক এটিএম নজরুল ইসলাম, অধ্যাপক ফিরোজুল ইসলাম, মো. নজরুল ইসলাম, ছাত্রনেতা বিএম মেহেদী হাসান, মো. সোহাগ, আফরোজা আক্তার বেবি প্রমুখ।

## ধানঘরা উচ্চ বিদ্যালয় জাতীয়করণের দাবিতে মানববন্ধন

সিরাজগঞ্জের রায়গঞ্জ সদরের ঐতিহ্যবাহী প্রাচীন ধানঘরা মডেল উচ্চ বিদ্যালয় জাতীয়করণের দাবিতে মানববন্ধন করা হয়েছে। গতকাল রবিবার সকাল সাড়ে ১১টায় বিদ্যালয়ের শিক্ষক, কর্মচারী, ব্যবস্থাপনা কমিটির নেতৃবৃন্দ, ছাত্র-ছাত্রী ও এলাকাবাসী ধানগড়া চৌরাস্তা মোড়ে মানববন্ধন কর্মসূচি পালন করেন। এরপর বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতি অধ্যাপক হানিফ উদ্দিন সরকারের সভাপতিত্বে সদস্য সচিব প্রধান শিক্ষক মো. তফাজ্জল হোসেনের সঞ্চালনায় বিদ্যালয় সভাকক্ষে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। কবি মহাদেব সাহা এই বিদ্যালয়ের ছাত্র ও পরবর্তীকালে শিক্ষক ছিলেন। প্রখ্যাত সঙ্গীতজ্ঞ ওস্তাদ অবনী মোহন দে ও কবি সমুদ্র গুপ্ত এই বিদ্যালয়ে অধ্যয়ন করেছেন।

## উলিপুর মহারাণী স্বর্ণময়ী স্কুল এন্ড কলেজ জাতীয়করণের দাবি

কুড়িগ্রামের উলিপুর মহারাণী স্বর্ণময়ী স্কুল এন্ড কলেজ দেড়শ' বছরের জাতীয়করণ করা হয়নি। এক সময় বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব সেলিম আল দীন, কবি কালিদাস শেখরসহ অনেক স্বনামধন্য ব্যক্তিদের পদচারণায় মুখরিত ছিল এ বিদ্যাপীঠ। ১৮৬৮ সালে উলিপুর মহারাণী স্বর্ণময়ী বিদ্যালয় নামে প্রতিষ্ঠানটির যাত্রা শুরু। কাশিম বাজারের জমিদার মহারাজ কৃষ্ণ চন্দ্রের বিধবা পত্নী মহিয়সী মহারাণী স্বর্ণময়ী বাহারবন্দ পরগনার প্রজা সাধারণের সন্তানদের বিদ্যা দানের মহৎ উদ্দেশে বিদ্যালয়টি প্রতিষ্ঠা করেন। ১৯৯৭ সালে এতে কারিগরি শাখা ও ১৯৯৯ সালে মহাবিদ্যালয়ের কার্যক্রম শুরু হয়। অধ্যক্ষ আব্দুল কাদেরসহ ছাত্র-ছাত্রী এবং এলাকার বিশিষ্টজনরা প্রাচীন এ প্রতিষ্ঠানটি জাতীয়করণের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুদৃষ্টি ও হস্তক্ষেপ কামনা করেছেন।

## পাথরঘাটায় কলেজ জাতীয়করণের দাবিতে মানববন্ধন

বরগুনার পাথরঘাটা উপজেলার সৈয়দ ফজলুল হক ডিগ্রি কলেজ জাতীয়করণের দাবিতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। গত শনিবার বেলা ১১টায় কলেজের সামনের সড়কে এ মানববন্ধন কর্মসূচি পালিত হয়। মানববন্ধন চলাকালীন সমাবেশে বক্তব্য রাখেন রায়হানপুর ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান রুপক, কলেজ জাতীয়করণ আন্দোলন কমিটির আহ্বায়ক উপাধ্যক্ষ আবদুস সালাম, ইংরেজি বিভাগের প্রভাষক ভাস্কর রঞ্জন হালদার। বক্তারা জেলার সবচেয়ে বেশি শিক্ষার্থী অধ্যয়নরত ও প্রতিবছর ফলাফলে শ্রেষ্ঠত্ব অর্জনকারী কলেজটি জাতীয়করণে প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন। পরে অধ্যক্ষ জিয়াউল করিম স্থানীয় সংসদ সদস্যের কাছে স্মারকলিপি পেশ করেন।